01 – 07 July, 2021

শিক্ষা চাকরি ও খেলা

Kolkata (South 24 Pgs.)

❖ তোমাদের প্রয়োজনে আমরা ❖

Shiksha Chakri O Khela

বর্ষ - ৭, সংখ্যা - ২৬ সাপ্তাহিক ০১ - ০৭ জুলাই, ২০২১ R.N.I. – WBBEN / 2015 / 63189 পৃষ্ঠা - ১২ Rs. 5.00

ভেতরের পাতায়

❖ 'সাফল্যলাভে জিজ্ঞাসা' – পাঠক-পাঠিকাদের পাঠানো প্রশ্নের উত্তর দেওয়া হয়।
❖ কেন্দ্রীয় ও রাজ্য সরকারি বিভিন্ন পরীক্ষা সম্পর্কিত খবরখবর ও রেজাল্টসমূহ।
❖ 'কোভিড-১৯' (করোনার) ওপর তালিকার আকারে বিশ্ব, দেশ ও রাজ্যের ওপর বিশেষ গুরুত্বপূর্ণ তথ্য।
❖ বিস্তারিত কারেন্ট অ্যাফেয়ার্স

সাড়ে ১০ হাজার গ্রুপ-সি, ডি ও লাইব্রেরিয়ান

করোনা সংক্রমণের জন্য প্রায় ২ বছর নিয়োগ প্রক্রিয়া বন্ধ থাকার পর চাকরিপ্রার্থীদের জন্য বিশাল সুখবর দিল রাজ্য সরকার। রাজ্যে প্রায় সাড়ে ১০ হাজার শূন্যপদে গ্রুপ-সি, ডি ও লাইব্রেরিয়ান নিয়োগ করবে পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশন। গোটা রাজ্য জুড়ে প্রতিটি সরকারি স্কুলে এই নিয়োগ করা হবে। শেষবার ২০১৬ সালে রাজ্যের স্কুলগুলিতে গ্রুপ-সি ও গ্রুপ-ডি এবং ২০১৩ সালে লাইব্রেরিয়ান পদে নিয়োগ করেছিল স্কুল সার্ভিস কমিশন। ইতিমধ্যে রাজ্যের স্কুলগুলিতে শূন্যপদের তালিকা চেয়ে বিজ্ঞপ্তি জারি করেছেন স্কুল সার্ভিস কমিশনের সেক্রেটারি। ২৫ জুনের মধ্যেই শূন্যপদের তালিকা পাঠিয়ে দিয়েছে সংশ্লিষ্ট স্কুল কর্তৃপক্ষ স্কুল সার্ভিস কমিশনকে। সূত্র মারফত

নিয়োগ হবে স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে

জানা যাচ্ছে, গ্রুপ-সি, গ্রুপ-ডি এবং লাইব্রেরিয়ান পদ মিলিয়ে শূন্যপদ থাকতে পারে প্রায় সাড়ে ১০ হাজার। গ্রুপ-সি পদে আবেদন করার জন্য প্রার্থীর যোগ্যতা হতে হবে অন্তত মাধ্যমিক পাশ। গ্রুপ-ডি পদে আবেদনের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণি পাশ। লাইব্রেরিয়ান পদে আবেদন করার জন্য শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে লাইব্রেরি সায়েন্সে স্নাতক পাশ। গত দু বছর নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণরূপে বন্ধ থাকায় এইসব পদগুলিতে আবেদনকারীর সংখ্যা ছাড়াবে কয়েক লক্ষ– এমনটাই মনে করছেন বিশেষজ্ঞরা। জুলাই মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে এই নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করতে পারে বলে জানিয়েছে স্কুল সার্ভিস কমিশন।

বিএসএফে বিভিন্ন পদে ৬৫

মাধ্যমিক পাশ যোগ্যতা থেকে শুরু

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনস্থ 'বর্ডার সিকিউরিটি ফোর্স' (বিএসএফ) ৬৫টি শূন্যপদে রোটারি উইং, ফিক্সড উইং ও অ্যাডভান্সড লাইট হেলিকপ্টার/ধ্রুব-এর মেকানিক্যাল, অ্যাভিয়োনিক্স ট্রেডে পুরুষ ও মহিলা প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। আবেদন গ্রহণ চলবে ২৬ জুলাই তারিখ পর্যন্ত।

▸ **শূন্যপদ :** *ক) অ্যাসিস্ট্যান্ট এয়ারক্র্যাফটস মেকানিক (অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর) শাখায় ১) রোটারি উইংয়ে–* i) মেকানিক্যাল ট্রেডে (এয়ার ফ্রেম অ্যান্ড ইঞ্জিন) শূন্যপদ ৯টি (অসংরক্ষিত ৬, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, এসসি ১ ও এসটি ১)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত। ii) অ্যাভিয়োনিক্স (ইলেকট্রিক্যাল ইনস্ট্রুমেন্ট, রেডিও/র‍্যাডার) ট্রেডে শূন্যপদ ১৩টি (অসংরক্ষিত ১০, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, এসসি ১ ও এসটি ১)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত। *২) ফিক্সড উইংয়ে–* i) মেকানিক্যাল *এরপর ৯ পাতায়*

হেভি ইঞ্জিনিয়ারিং কর্পোরেশনে ২০৬ ট্রেনি

অষ্টম পাশ যোগ্যতা থেকে শুরু

রাঁচিতে অবস্থিত হেভি ইঞ্জিনিয়ারিং কর্পোরেশন লিমিটেডের অধীনস্থ এইচইসি ট্রেনিং ইনস্টিটিউট ড্রাফটসম্যানশিপ ট্রেনিং স্কিমের মাধ্যমে ইলেকট্রিশিয়ান, ফিটার, মেসিনিস্ট ওয়েল্ডার, কম্পিউটার অপারেটেড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট এবং সিউয়িং টেকনোলজি ট্রেডে ২০৬ জনকে প্রশিক্ষণ দেওয়ার বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এর মধ্যে ইলেকট্রিশিয়ান, ফিটার ও মেসিনিস্ট ট্রেডে ২ বছর মেয়াদে এবং বাকি ট্রেডগুলিতে ১ বছর মেয়াদের কোর্স করানো হবে। ট্রেনিং সেশন এবছর *এরপর ২ পাতায়*

বর্ডার সিকিউরিটি ফোর্সে ১১০

মেডিক্যাল যোগ্যতায়

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনস্থ 'বর্ডার সিকিউরিটি ফোর্সে' গ্রুপ-বি ও গ্রুপ-সি নন-গেজেটেড শাখায় ১১০টি শূন্যপদে অপারেশন থিয়েটার টেকনিশিয়ান, ল্যাবরেটরি টেকনিশিয়ান, ওয়ার্ড বয়/ওয়ার্ড গার্ল/আয়া এবং ভেটেরিনারি স্টাফ পদে পুরুষ ও মহিলা প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। আবেদন করতে হবে ২৬ জুলাই তারিখের মধ্যে।

▸ **শূন্যপদ, বয়স ও শিক্ষাগত যোগ্যতা :** *১) স্টাফ নার্স–* শাখায় শূন্যপদ ৩৭টি (অসংরক্ষিত ১৪, আর্থিকভাবে *এরপর ২ পাতায়*

আইটিবিপিতে ৬৫ কনস্টেবল

স্পোর্টস কোটায় নিয়োগ

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনস্থ ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্সে স্পোর্টস কোটার মাধ্যমে ৬৫টি শূন্যপদে পুরুষ ও মহিলা প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। প্রার্থীদের নিয়োগ করা হবে গ্রুপ-সি শাখায় জেনারেল ডিউটি বিভাগে কনস্টেবল পদে। আবেদন করতে হবে ২ সেপ্টেম্বর তারিখের মধ্যে। ১২টি স্পোর্টস শাখায় প্রার্থী নিয়োগ হবে। শাখাগুলি হল– রেসলিং, কবাডি, ক্যারাটে, আর্চারি, উশু, তাইকোন্ডো, *এরপর ৯ পাতায়*

কলকাতা কর্পোরেশনে ৯১ মেডিক্যাল অফিসার

ওয়াক-ইন ইন্টারভিউ ৬ জুলাই

কলকাতা সিটি ন্যাশনাল আর্বান হেলথ মিশন সোসাইটির মাধ্যমে কলকাতা সার্ভিস কমিশনের আর্বান প্রাইমারি হেলথ সেন্টারগুলিতে চুক্তিভিত্তিক পদ্ধতিতে ৯১টি শূন্যপদে মেডিক্যাল অফিসার নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : 05/Kolkata City NUHM Society/2021-22। *এরপর ২ পাতায়*

আসাম রাইফেলসে ১৩১

স্পোর্টস কোটায় নিয়োগ

আসাম রাইফেলসে স্পোর্ট কোটায় র‍্যালির মাধ্যমে ১১০টি শূন্যপদে পুরুষ ও মহিলা প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : 12016/Rect Branch/2021। আবেদন গ্রহণ চলবে ২৬ জুলাই ২০২১ তারিখ পর্যন্ত। রিক্রুটমেন্ট র‍্যালি অনুষ্ঠিত হবে সম্ভাব্য ২৪ আগস্ট থেকে।

▸ **শূন্যপদ :** ১) আর্চারি শাখায় শূন্যপদ ৮টি (পুরুষ ২ ও মহিলা ৬)। ২) ক্যারাটে শাখায় শূন্যপদ ৮টি (পুরুষ ৪ ও মহিলা ৪)। ৩) তাইকোন্ডো শাখায় শূন্যপদ ৯টি (পুরুষ ৩ ও মহিলা ৬)। ৪) জুডো শাখায় শূন্যপদ ১৮টি (পুরুষ ৬ ও মহিলা ১২)। ৫) ইকুইপট্রিয়ান শাখায় শূন্যপদ ১৪টি (পুরুষ ১০ ও মহিলা ৪)। ৬) ফেন্সিং শাখায় শূন্যপদ ৪টি (পুরুষ ২ ও মহিলা ২)। ৭) উশু শাখায় শূন্যপদ ১৮টি (পুরুষ ১২ ও মহিলা ৬)। ৮) ফুটবল শাখায় শূন্যপদ ১৪টি (পুরুষ ৮ ও মহিলা ৬)। ৯) বক্সিং শাখায় শূন্যপদ ১৪টি (পুরুষ ৮ ও মহিলা ৬)। ১০) সেপক টাকরো *এরপর ৭ পাতায়*

ভাইজাগ স্টীল প্ল্যান্টে ৩১৯ অ্যাপ্রেন্টিস

আবেদনের সময়সীমা ১৭ জুলাই

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস অ্যাক্ট অনুযায়ী রাষ্ট্রীয় ইস্পাত নিগম লিমিটেড - বিশাখাপত্তনম স্টীল প্ল্যান্ট ৩১৯ জনকে ট্রেড অ্যাপ্রেন্টিস পদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : RINL/VSP/L&DC/ Trade-2021(I)। ১৭ জুলাই তারিখের মধ্যে ইচ্ছুক প্রার্থীদের আবেদন করতে হবে।

▸ **ট্রেড অনুযায়ী শূন্যপদ :** *১) ফিটার* শাখায় শূন্যপদ ৭৫টি (অসংরক্ষিত ৩১, *এরপর ২ পাতায়*

পড়লেই সরকারি চাকরির সুযোগ এনে দিচ্ছে জর্জ টেলিগ্রাফের জিএসসিই

101 YEARS GEORGE TELEGRAPH SINCE 1920

GSCE পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920

New Normal
Online Course on Competitive Exams for all types of Central and State level Govt. jobs - like
WBCS • SLST • TET • BANK
RAIL • PSC • SSC • LIC • GD Constable
• School Service Gr-C & D • Police etc.

সমস্ত কোর্সেই ভর্তি চলছে, আসন সীমিত।

ONLINE COURSE FEES :
Rs. 6,000.00 + G.S.T - (6 Months), Rs. 3,000.00 + G.S.T - (3 Months)

স্কুল সার্ভিস কমিশনে ১০৫০০ গ্রুপ-সি, ডি, লাইব্রেরিয়ান। ডব্লুবিসিএস ২০২১ পরীক্ষা ২২ আগস্ট, ২০২২ সালের বিজ্ঞপ্তির ফর্ম ফিল-আপ শীঘ্রই।

৩২০০০ শিক্ষক রাজ্যে
৪০০০০ জিডি কনস্টেবল মাধ্যমিক পাশে
স্নাতক যোগ্যতায় গ্রামীণ ব্যাঙ্কে ১০৩৬৮

Admission Helpline : 9830277100 / 200 / 300
Website : www.gsceindia.org E-mail : gscesdh@gmail.com

সম্পাদকীয়

১৫ জুলাই পর্যন্ত রাজ্যে ফের বিধিনিষেধের সময়সীমা বাড়িয়ে দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সামগ্রিক পরিস্থিতি বিচার করে এই মুহূর্তে লোকাল ট্রেন বা মেট্রো চালানোর পক্ষপাতী নন তিনি বলে পরিষ্কার জানিয়ে দিয়েছেন। রাজ্যে কোভিড সংক্রমণের দৈনিক হার বর্তমানে দেড় হাজারের নীচে। গোটা দেশে দৈনিক সংক্রমণ দাঁড়িয়েছে ৫০ হাজারেরও নীচে। গত দু'মাস আগে যেখানে দৈনিক সংক্রমণ পৌঁছে গেছিল ৪ লক্ষেরও বেশি। বিশ্বের মধ্যে শুধুমাত্র করোনা সংক্রমণেই ভারত প্রথম স্থান অধিকার করে ফেলেছিল। শীঘ্রই তৃতীয় ঢেউ আছড়ে পড়বে ভারতে— চিকিৎসকমহল এমনটাই জানিয়েছেন। এই পরিস্থিতিতে শিশুদের আক্রান্ত হওয়ার সম্ভাবনা বেশি হবে। তাই এবারের সংক্রমণ যাতে কোনোভাবেই বেলাগাম না হয়, তার জন্য সতর্ক হতে হবে প্রতিটি মানুষকে। করোনার বিধিনিষেধ শুধু প্রশাসনের ভয়ে নয়, নিজের বাড়ির সন্তানের কথা ভেবে মেনে চলুন— এই কথা আমরা অনুরোধের সঙ্গে সবাইকে জানাচ্ছি। রাজ্যে স্কুল সার্ভিস কমিশন সম্প্রতি চাকরিপ্রার্থীদের বিশেষ সুখবর দিয়েছে। রাজ্যের প্রতিটি স্কুলে গ্রুপ-সি, গ্রুপ-ডি এবং লাইব্রেরিয়ান পদে নিয়োগের বিজ্ঞপ্তি শীঘ্রই প্রকাশিত হবে। সমীক্ষা বলছে প্রায় সাড়ে ১০ হাজার শূন্যপদে এইসব পদগুলিতে নিয়োগ করা হবে। অষ্টম থেকে স্নাতক পাশ যোগ্যতায় প্রার্থীরা আবেদন করতে পারবেন। দীর্ঘদিন বাদে বর্ডার পুলিশ ফোর্সে কয়েকশো শূন্যপদে পুরুষ ও মহিলা প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। বিস্তারিত বিবরণ দেওয়া রইল এই সংখ্যায়। এর সঙ্গে আসাম রাইফেলসে ১৩১টি শূন্যপদে জেনারেল ডিউটি শাখায় কনস্টেবল নিয়োগ করা হবে। বর্ডার সিকিউরিটি ফোর্স বা আসাম রাইফেলস— উভয় ক্ষেত্রেই স্পোর্টস কোটাতে প্রার্থীদের নিয়োগ করা হবে। বিএসএফের কিছু পদ আছে যেগুলি মেডিক্যাল যোগ্যতায় নিয়োগ হবে। বিশদ বিবরণ জানানো হয়েছে পত্রিকাতে। ইচ্ছুক প্রার্থীরা সম্পূর্ণ বিজ্ঞপ্তি পড়ে নিয়ে তবেই আবেদন করবেন। এছাড়া পাবলিক সার্ভিস কমিশন ডব্লুবিসিএস পরীক্ষার তারিখ প্রকাশ করেছে। অনুষ্ঠিত হবে ২২ আগস্ট। সুতরাং আগস্ট মাস থেকে কার্যত লকডাউনের বিধিনিষেধ উঠে গিয়ে পরিস্থিতি স্বাভাবিক হবে বলে মনে করছেন বিশেষজ্ঞরা। অর্থাৎ কেন্দ্র ও রাজ্য সরকার মিলিয়ে একগুচ্ছ সরকারি চাকরির পরীক্ষা অনুষ্ঠিত হবে একথা সহজেই অনুমেয়। প্রস্তুতিকে করে তুলুন সবার সেরা। সরকারি চাকরি পেয়ে জীবনে প্রতিষ্ঠিত হোন— 'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকার তরফ থেকে প্রতিটি চাকরিপ্রার্থীকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও শুভকামনা।

হেভি ইঞ্জিনিয়ারিং কর্পোরেশনে ২০৬ ট্রেনি

১ পাতার পর

সেপ্টেম্বর মাস নাগাদ শুরু হতে পারে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর : HEC/HTI/CTS/2021-468। আবেদন করতে হবে ৩১ জুলাই তারিখের মধ্যে।

▶ **শূন্যপদ :** ১) ইলেকট্রিশিয়ান শাখায় শূন্যপদ ২০টি। ইউনিট নম্বর ১। ২) ফিটার শাখায় শূন্যপদ ৪০টি। ইউনিট নম্বর ২। ৩) মেসিনিস্ট শাখায় শূন্যপদ ১৬টি। ইউনিট নম্বর ১। ৪) ওয়েল্ডার শাখায় শূন্যপদ ৪০টি। ইউনিট নম্বর ২। ৫) কম্পিউটার অপারেটেড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট শাখায় শূন্যপদ ৪৮টি। ইউনিট নম্বর ২। ৬) সিউয়িং টেকনোলজি (টেলরিং) শাখায় শূন্যপদ ৪২টি। ইউনিট নম্বর ২।

▶ **বয়সসীমা :** ৩১ জুলাই, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স হতে হবে ১৪-৪০ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** ওয়েল্ডার, সিউয়িং টেকনোলজি (টেলারিং) ট্রেডে আবেদনের জন্য প্রার্থীকে অষ্টম শ্রেণি পাশ করতে হবে। বাকি ট্রেডগুলিতে আবেদনের জন্য স্বীকৃত বোর্ড থেকে ১০+২ স্তরের সিস্টেমে স্কুল থেকে মাধ্যমিক পাশ করতে হবে।

▶ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাতালিকা প্রস্তুত করে

এরপর ৮ পাতায়

বর্ডার সিকিউরিটি ফোর্সে ১১০

১ পাতার পর

অনগ্রসর শ্রেণি ৩, এসসি ৫, এসটি ২ এবং ওবিসি ১৩)। বয়সসীমা ২১ থেকে ৩০ বছর। উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে জেনারেল নার্সিং প্রোগ্রামে ডিগ্রি/ডিপ্লোমা পাশ করতে হবে। সেন্ট্রাল/স্টেট নার্সিং কাউন্সিল থেকে এবং জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফেরিতে রেজিস্ট্রেশন পেয়ে থাকতে হবে। ২) *অপারেশন থিয়েটার টেকনিশিয়ান*— শাখায় শূন্যপদ ১টি (ওবিসি)। বয়সসীমা ২০-২৫ বছর। ডিফেন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে অপারেশন টেকনিকে ডিপ্লোমা পাশ বা সার্টিফিকেট পেয়ে থাকতে হবে কোনো সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে। ৩) *ল্যাবরেটরি টেকনিশিয়ান*— শাখায় শূন্যপদ ২৮টি (অসংরক্ষিত ১২, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩, এসসি ৪, এসটি ২ এবং ওবিসি ৭)। বয়সসীমা ১৮-২৫ বছর। বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা পাশ করতে হবে কোনো সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে। ৪) *ওয়ার্ড বয়/ওয়ার্ড গার্ল/আয়া*— শাখায় শূন্যপদ ৯টি (অসংরক্ষিত ২, এসটি ২ এবং ওবিসি ৫)। বয়সসীমা ১৮-২৩ বছর। মাধ্যমিক পাশের সঙ্গে কোনো ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট/ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট থেকে ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ করতে হবে সংশ্লিষ্ট ট্রেডে। এর সঙ্গে এক বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা, ২ বছর মেয়াদের ডিপ্লোমা পাশ করতে হবে সংশ্লিষ্ট ট্রেডে কোনো স্বীকৃত আইটিআই প্রতিষ্ঠান থেকে। ৫) *হেড কনস্টেবল (ভেটেরিনারি)*— শাখায় শূন্যপদ ২০টি (অসংরক্ষিত ৯, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২, এসসি ৩, এসটি ২ এবং ওবিসি ৪)। বয়সসীমা ১৮-২৫ বছর। উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে ৩) *ল্যাবরেটরি টেকনিশিয়ান*— শাখায় শূন্যপদ ২৮টি (অসংরক্ষিত ১২, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩, এসসি ৪, এসটি ২ এবং ওবিসি ৭)। বয়সসীমা ১৮-২৫ বছর। বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা পাশ করতে হবে কোনো সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ভেটেরিনারি/অ্যাসিস্ট্যান্ট শাখায় এক বছর মেয়াদের কোর্স পাশ করে থাকতে হবে। এর সঙ্গে অন্তত এক বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ৬) *কনস্টেবল (কেনেলম্যান)*— শাখায় শূন্যপদ ১৫টি (অসংরক্ষিত ৯, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, এসসি ১, এসটি ৩ এবং ওবিসি ১)। বয়সসীমা ১৮-২৫ বছর। মাধ্যমিক পাশের সঙ্গে কোনো সরকারি স্বীকৃত ভেটেরিনারি হসপিটালে/ভেটেরিনারি কলেজে/গভর্নমেন্ট ফান্ডে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে পশুদের প্রতিপালনে। উপরিউক্ত সমস্ত পদের বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা ২৬ জুলাই, ২০২১ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **শারীরিক মাপজোখ :** নার্স, ওটি টেকনিশিয়ান, ল্যাব টেকনিশিয়ান, হেড কনস্টেবল (ভেটেরিনারি) এবং কনস্টেবল (কেনেলম্যান) পদের জন্য পুরুষ প্রার্থীদের শারীরিক উচ্চতা হতে হবে ন্যূনতম ১৬৫ সেমি, মহিলাদের হতে হবে ১৫০ সেমি। পুরুষদের বুকের ছাতি হতে হবে অন্তত ৭৬ সেমি এবং ফুলিয়ে ৮১ সেমি। ওয়ার্ড বয়/ওয়ার্ড গার্ল/আয়া পদের জন্য পুরুষ প্রার্থীদের শারীরিক উচ্চতা হতে হবে ন্যূনতম ১৬৭.৫ সেমি ও মহিলাদের ১৫৭ সেমি। পুরুষদের বুকের ছাতি হতে হবে অন্তত ৭৮ সেমি এবং ফুলিয়ে ৮৩ সেমি।

▶ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ফিজিক্যাল টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষা প্রতিটি পদ অনুযায়ী আলাদাভাবে হবে। তবে প্রত্যেকটি পদের জন্যই ১০০ নম্বরের অবজেক্টিভ টাইপের প্রশ্নে লিখিত পরীক্ষা দিতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ফিজিক্যাল এফিসিয়েন্সি টেস্টে পুরুষদের ৭ মিনিটে দৌড়তে হবে ১.৬ কিমি এবং মহিলা প্রার্থীদের ৫ মিনিটে দৌড়তে হবে ৮০০ মিটার দূরত্ব। পুরুষদের লং জাম্প দিতে হবে ১১ ফুট (৩ বারের চেষ্টায়) মহিলাদের লং জাম্প দিতে হবে ৮ ফুট (৩ বারের চেষ্টায়)। পুরুষদের হাই জাম্প দিতে হবে ৩.৫ ফুট (৩ বারের চেষ্টায়) মহিলাদের হাই জাম্প দিতে হবে ২.৫ ফুট (৩ বারের চেষ্টায়)। লিখিত পরীক্ষার সিলেবাস সম্পর্কে বিস্তারিত জানতে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিতে হবে।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ২৬ জুলাই, ২০২১ তারিখের মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে www.bsf.gov.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ২০০ টাকা। এসসি/এসটি ও মহিলা প্রার্থীদের আবেদন ফি লাগবে না। বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

ভাইজাগ স্টীল প্ল্যান্টে ৩১৯ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৮, ওবিসি ২০, এসসি ১১ ও এসটি ৫)। ২) *টার্নার* শাখায় শূন্যপদ ১০টি (অসংরক্ষিত ৪, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, ওবিসি ৩, এসসি ১ ও এসটি ১)। ৩) *মেসিনিস্ট* শাখায় শূন্যপদ ২০টি (অসংরক্ষিত ৮, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২, ওবিসি ৬, এসসি ৩ ও এসটি ১)। ৪) *ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেকট্রিক)* শাখায় শূন্যপদ ৪০টি (অসংরক্ষিত ১৭, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৪, ওবিসি ১০, এসসি ৬ ও এসটি ৩)। ৫) *মেকানিক মেসিন টুল মেন্টেনেন্স (এমএমটিএম)* শাখায় শূন্যপদ ২০টি (অসংরক্ষিত ৮, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২, ওবিসি ৬, এসসি ৩ ও এসটি ১)। ৬) *ইলেকট্রিশিয়ান* শাখায় শূন্যপদ ৬০টি (অসংরক্ষিত ২৫, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৬, ওবিসি ১৬, এসসি ৯ ও এসটি ৪)। ৭) *কার্পেন্টার* শাখায় শূন্যপদ ২০টি (অসংরক্ষিত ৮, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২, ওবিসি ৬, এসসি ৩ ও এসটি ১)। ৮) *মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং* শাখায় শূন্যপদ ১৪টি (অসংরক্ষিত ৬, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, ওবিসি ৪, এসসি ২ ও এসটি ১)। ৯) *মেকানিক ডিজেল* শাখায় শূন্যপদ ৩০টি (অসংরক্ষিত ১৩, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩, ওবিসি ৮, এসসি ৪ ও এসটি ২)। ১০) *কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট* শাখায় শূন্যপদ ৩০টি (অসংরক্ষিত ১৩, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩, ওবিসি ৮, এসসি ৩৪ ও এসটি ২)।

▶ **মাসিক বেতন :** ফিটার, টার্নার, মেসিনিস্ট, মেকানিক মেসিন টুল মেন্টেনেন্স, ইলেকট্রিশিয়ান এবং মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং ট্রেডে মাসিক ভাতা দেওয়া হবে ৮,০৫০ টাকা করে। বাকি ট্রেডগুলিতে মাসিক ভাতা দেওয়া হবে

এরপর ৭ পাতায়

কলকাতা কর্পোরেশনে ৯১ মেডিক্যাল অফিসার

১ পাতার পর

ইচ্ছুক প্রার্থীকে ওয়াক-ইন ইন্টারভিউতে অংশগ্রহণ করতে হবে। ওয়াক-ইন ইন্টারভিউ অনুষ্ঠিত হবে ৬ জুলাই বেলা সাড়ে ১১টা থেকে। নির্দিষ্ট সময়ের এক ঘণ্টা আগে উপস্থিত হতে হবে ইন্টারভিউ কেন্দ্রে। ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা— Room No. 254, 2nd Floor, CMU, Kolkata City NUHM Society, 5, S.N. Banerjee Road, Kolkata-700013। প্রার্থীর বয়স হতে হবে ১ জুলাই, ২০২১ তারিখ অনুযায়ী ৬২ বছরের মধ্যে। মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়া দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এমবিবিএস পাশ করতে হবে। মেডিক্যাল অফিসার শাখায় শূন্যপদ ২৭টি (অসংরক্ষিত ২, এসসি ৭, এসটি ৫, ওবিসি-এ ৬, ওবিসি-বি ৬ ও অসংরক্ষিত শারীরিক প্রতিবন্ধী ১)। মাসিক বেতন ৬০,০০০ টাকা। পার্টটাইম বিভাগে মেডিক্যাল অফিসার শাখায় শূন্যপদ ৬৪টি। মাসিক বেতন ২৪,০০০ টাকা। www.kmcgov.in ওয়েবসাইট থেকে আবেদনপত্রের বয়ান ডাউনলোড করে প্রিন্টআউট করে নিতে হবে। আবেদনপত্রের বয়ান সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটির সঙ্গে দেওয়া আছে। আবেদনপত্রটি যথাযথভাবে ফিল-আপ করে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড, এমবিবিএস পাশের রেজিস্ট্রেশন সার্টিফিকেট, এক বছরের ইন্টার্নশিপের সার্টিফিকেট, পাসপোর্ট/ভোটার আইডি কার্ড-এর প্রতিটির ফটোকপি স্বপ্রত্যয়িত করে আবেদনপত্রের সঙ্গে ইন্টারভিউয়ের দিন নিয়ে যেতে হবে। বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকা দপ্তর

- **Published by :** Avijit Kundu on behalf of owner GSCE Publications
- **Editor :** Mr. Haranath Das
- **Content Developer & Copy Editor :** Bidyabati Bhowmick
- **For Advt. Please Contact :** 9230056670
- **Page Layout & Graphics Design :** Lakshminarayan Pal
- **Published from :** 31A, S. P. Mukherjee Road, Kolkata-700025 (South 24 Pgs.)
- **Printed from :** Ananda Offset Pvt. Ltd., GN-39, Sector - V, Saltlake City, Kolkata - 700091
- **Phone :** 9230056670
- **E-mail :** gscepublications@gmail.com
- **Website :** www.gsceindia.org

এই পত্রিকায় প্রকাশিত কোনো তথ্যে কোনোরকম ভুল বা অসংগতি থাকলে তা সম্পূর্ণ অনিচ্ছাকৃত।

জর্জ টেলিগ্রাফের জিএসসিই পাবলিকেশনস থেকে নিয়মিত প্রকাশিত হচ্ছে সাপ্তাহিক ট্যাবলয়েড 'শিক্ষা চাকরি ও খেলা'। ডিস্ট্রিবিউটর ও নিউজ পেপার এজেন্টগণ এই সাপ্তাহিক ট্যাবলয়েডটি নিয়মিত পেতে ও যেকোনো ব্যবসায়িক যোগাযোগের জন্য নীচের নম্বরে যোগাযোগ করুন।

মোবাইল : 9830277300

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকার পাঠকদের উদ্দেশ্যে সতর্কীকরণ

'শিক্ষা চাকরি ও খেলা' একটি নিরপেক্ষ পত্রিকা। এখানে দেখা কোনো বিজ্ঞাপন দেখে কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে অবশ্যই ওই সংস্থা সম্পর্কে বিস্তারিত খোঁজ খবর করে নেবেন। বিজ্ঞাপনে উল্লিখিত কোনো তথ্যে কোনোরূপ ভুল থাকলে বা কোনো তথ্য বিকৃত থাকলে তার দায় সম্পূর্ণভাবে ওই বিজ্ঞাপনদাতার।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকায় বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন

Ph : 9230056670 • E-mail : gscesdh@gmail.com

বিঃ দ্রঃ : বিজ্ঞাপন সম্পর্কিত সমস্ত ধরনের লেনদেন 'GSCE Publications' এর অনুকূলে কেবলমাত্র চেক/ড্রাফটের মাধ্যমে গ্রহণ করা হবে। কোনোরূপ ক্যাশ লেনদেন গ্রাহ্য করা হবে না। বিজ্ঞাপনদাতার লিখিত অনুমতি বা রিলিজ অর্ডার ছাড়া কোনো বিজ্ঞাপন প্রকাশিত হবে না।

বিশ্বে করোনা ভাইরাসে আক্রান্ত, মৃত ও সুস্থ হয়ে বাড়ি ফেরা মানুষের পরিসংখ্যান

প্রথম দফা লকডাউনের শুরুর দিন করোনা তথ্য (২৪ মার্চ'২০)*

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	৭	০	—
ভারত	৩৯৬	৮	—
বিশ্ব	৩,১৮,৬৬২	১৪,৩৬৫	—

দ্বিতীয় দফা লকডাউনের শুরুর দিন করোনা তথ্য (১৫ এপ্রিল'২০)

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১৩২	০	—
ভারত	১০,৮১৫	৩৫৩	১,১৯০
বিশ্ব	১৯,৮৩,২১৯	১,২৫,৪৮১	৪,৬৬,৬০৬

তৃতীয় দফা লকডাউনের শুরুর দিন করোনা তথ্য (৪ মে'২০)

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	৯৮৪	৫০	—
ভারত	৪০,০৬৩	১,৩০৬	১০,৮৮৭
বিশ্ব	৩৫,৪৬,৭৫৮	২,৪৭,৩১২	১১,৩৭,৩৪৯

চতুর্থ দফা লকডাউনের শুরুর দিন করোনা তথ্য (১৮ মে'২০)

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	২,৬৭৭	১৬৬	৯৫৯
ভারত	৯০,৯২৭	২,৮৭২	৩৪,১০৯
বিশ্ব	৪৭,৭৫,৮৬৬	৩,১৫,৫৫৪	১৮,৪৬,২২৬

পঞ্চম দফা লকডাউনের শুরুর দিন করোনা তথ্য (১ জুন'২০)

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	৫,৫০১	২৪৫	২,১৫৭
ভারত	১,৮২,১৪৩	৫,১৬৪	৮৬,৯৮৪
বিশ্ব	৬২,২৪,৭৬৫	৩,৭২,৫৩৩	২৯,৭৯,১১২

আনলক ফেজ-২ ধাপের প্রথম দিন করোনা তথ্য (১ জুলাই'২০)

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১৮,৫৫৯	৬৬৮	১২,১৩০
ভারত	৫,৮৫,৪৯৩	১৭,৪০০	৩,৪৭,৯৭৮
বিশ্ব	১,০৮,১০,৩১৬	৫,৪০,৩৪৬	৫২,৯০,৮০৯

গত ৬ সপ্তাহের করোনা তথ্য ২০২১

১৯ মে রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১১,৭১,৮৬১	১৩,৫৭৬	১০,২৬,৪৯২
ভারত	২,৫৭,৭১,৪০৫	২,৮৭,১৫৬	২,২৩,৪৮,৬৮৩
বিশ্ব	১৬,৫৫,৫০,৫৩৪	৩৪,৩১,৫১৩	১৪,৫৭,৯৬,৯৭৯

২৫ মে রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১২,৮৪,৯৭৩	১৪,৫১৭	১১,৪১,৮৭১
ভারত	২,৭১,২৫৬,৩৮২	৩,১১,৪২১	২,৪৩,৪৩,২৯৯
বিশ্ব	১৬,৮৫,০৮,৫৩৯	৩৪,৯৯,১৩৪	১৫,০১,০৮,৭৬২

০২ জুন রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১৩,৯৪,৭২৪	১৫,৮১৩	১৩,০৮,৮৯৬
ভারত	২,৮৪,৪০,৯৮৮	৩,৩৮,০১৩	২,৬৩,৮২,৮৯৭
বিশ্ব	১৭,২৪,২৪,৪৭২	৩৭,০৬,৫৬১	১৫,৫২,৬৬,২৫৭

০৯ জুন রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১৪,৪২,৮৩০	১৬,৫৫৫	১৪,১১,৫৭৩
ভারত	২,৯১,৮৩,১২১	৩,৫৯,৬৯৫	২,৭৬,৫৫,৪৯৩
বিশ্ব	১৭,৫১,৭৭,১৭৭	৩৭,৭৭,০৯৭	১৫,৮৯,৯২,৯৯১

১৬ জুন রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১৪,৬৮,০৪৪	১৭,০৪৯	১৪,৩০,৯৪৯
ভারত	২,৯৬,৯৯,৫৫৫	৩,৮১,৯৩১	২,৮৪,৮৪,৫৪৪
বিশ্ব	১৭,৭৭,৮২,৬৩৭	৩৮,৪৮,০২০	১৬,২২,৮০,৫১৩

২৩ জুন রাজ্য, দেশ ও বিশ্বে করোনা চিত্র

কোথায়	মোট আক্রান্ত	মৃতের সংখ্যা	সুস্থ হয়েছেন
পশ্চিমবঙ্গ	১৪,৮৭,৩৬৩	১৭,৪৭৫	১৪,৪৭,৫১০
ভারত	৩,০০,৮২,১৬৯	৩,৯২,০১৪	২,৯০,৫৬,৬০৯
বিশ্ব	১৮,০৩,৬৮,৩৩৭	৩৯,০৭,৫৫৬	১৬,৫০,৮৫,৭৮৯

'কোভিড-১৯' সংক্রমণে সতর্কতা প্রদানে জাতীয় হেল্পলাইন নম্বর : ১০৭৫
রাজ্যের টোল ফ্রি নম্বর - ১০৭০, কন্ট্রোল রুম নং ০৩৩-২২১৪-৩৫২৬,
২৪ ঘণ্টার হেল্পলাইন নম্বর : ১৮০০৩১৩৪৪৪০০০/৪৪৪২২২, ওয়েবসাইট : www.wb.gov.in

বিশ্বে করোনা ভাইরাসে আক্রান্ত, মৃত ও সুস্থ হয়ে বাড়ি ফেরা মানুষের পরিসংখ্যান ৩০ জুন, ২০২১ পর্যন্ত)

দেশের নাম	মোট আক্রান্তের সংখ্যা	মোট মৃতের সংখ্যা	সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন
বিশ্ব	১৮,২৯,৫২,৫৯২	৩৯,৬২,১১৩	১৬,৭৫,৩৫,৪১৫
১. মার্কিন যুক্তরাষ্ট্র	৩,৪৫,৪২,৩৪৯	৬,২০,২০৮	২,৯০,২৪,০৮৯
২. ভারত	৩,০৪,১০,৫৭৭	৩,৯৯,৪৭৫	২,৯৪,৮১,৫২২
৩. ব্রাজিল	১,৮৫,৫৯,১৬৪	৫,১৮,২৪৬	১,৬৮,৫৮,৬৩২
৪. ফ্রান্স	৫৭,৭৫,৩০১	১,১১,০৮২	৫৬,১৮,৯১০
৫. রাশিয়া	৫৫,১৪,৫৯৯	১,৩৫,২১৪	৫০,০০,৩৯৩
৬. তুরস্ক	৫৪,২৫,৬৫২	৪৯,৭৩২	৫২,৯৪,২৮৫
৭. ব্রিটেন	৪৮,০০,৯০৭	১,২৮,১৪০	৪৩,২৪,৮৭৬
৮. আর্জেন্টিনা	৪৪,৭০,৩৭৪	৯৪,৩০৪	৪০,৭৬,৯২১
৯. ইতালি	৪২,৫৯,৯০৯	১,২৭,৫৬৬	৪০,৮১,৯০২
১০. কলম্বিয়া	৪২,৪০,৯৮২	১,০৬,৫৪৪	৩৯,৩৬,১৫৬
১১. স্পেন	৩৮,০৮,৯৬০	৮০,৮৭৫	৩৫,৯৯,৭২৪
১২. জার্মানি	৩৭,৩৬,২২৩	৯১,৪৫৯	৩৬,২৪,২০০
১৩. ইরান	৩২,০৪,৫৫৭	৮৪,২৬৪	২৮,৭৬,৮২৮
১৪. পোল্যান্ড	২৮,৭৯,৯১২	৭৫,০২১	২৬,৫১,৭৮৭
১৫. মেক্সিকো	২৫,১৩,১৬৪	২,৩২,৮০৩	১৯,৯৭,৩৮১
১৬. ইউক্রেন	২২,৩৫,০৯৬	৫২,৩৪০	২১,৬৬,৬৬৮
১৭. ইন্দোনেশিয়া	২১,৭৮,২৭২	৫৮,৪৯১	১৮,৮০,৪১৩
১৮. পেরু	২০,৫২,০৬৫	১,৯২,৩৩১	১৭,২০,৬৬৫
১৯. দক্ষিণ আফ্রিকা	১৯,৭৩,৯৭২	৬০,৬৪৭	১৭,৪৮,০৪২
২০. নেদারল্যান্ড	১৬,৮৫,০০০	১৭,৭৪৫	১৬,৩১,৭১৫

এরপর ৯ পাতায়

দেশে করোনা ভাইরাসে আক্রান্ত, মৃত ও সুস্থ হয়ে বাড়ি ফেরা মানুষের পরিসংখ্যান (৩০ জুন, ২০২১ পর্যন্ত)

রাজ্যে/কেন্দ্রশাসিত অঞ্চলের নাম	মোট আক্রান্তের সংখ্যা	মোট মৃতের সংখ্যা	সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন
ভারত	৩,০৪,১০,৫৭৭	৩,৯৯,৪৭৫	২,৯৪,৮১,৫২২
১. মহারাষ্ট্র	৬০,৫১,৬৩৩	১,২১,৮০৪	৫৮,০৯,৫৪৮
২. কেরল	২৯,১০,৫০৭	১৩,০৯৩	২৭,৯৭,৭৭৯
৩. কর্ণাটক	২৮,৪০,৪২৮	৩৪,৯২৯	২৭,১৯,৪৭৯
৪. তামিলনাড়ু	২৪,৭৫,১৯০	৩২,৫০৬	২৪,০৩,৩৪৯
৫. অন্ধ্রপ্রদেশ	১৮,৮৫,৭১৬	১২,৬৭১	১৮,৩২,৯৭১
৬. উত্তরপ্রদেশ	১৭,০৫,৯৫১	২২,৫৭৭	১৬,৮০,৪২৮
৭. পশ্চিমবঙ্গ	১৪,৯৮,৩০৫	১৭,৬৭৯	১৪,৫৯,৫১০
৮. দিল্লি	১৪,৩৪,০৯৪	২৪,৯৭১	১৪,০৭,৫৯২
৯. ছত্তিশগড়	৯,৯৪,০৭৭	১৩,৪৩৮	৯,৭৪,৭২৫
১০. রাজস্থান	৯,৫২,৩২২	৮,৯১৮	৯,৪১,৮৩৯
১১. ওড়িশা	৯,০৬,৪২৯	৩,৯৭০	৮,৭৪,৩০৭
১২. গুজরাট	৮,২৩,৪৩৩	১০,০৫৬	৮,১০,১৪৭
১৩. মধ্যপ্রদেশ	৭,৮৯,৭৭১	৮,৯৫৪	৭,৮০,১৮৭
১৪. হরিয়ানা	৭,৬৮,৫৫২	৯,৪১৭	৭,৫৭,৬৪০
১৫. বিহার	৭,২১,৬৫৪	৯,৫৮৪	৭,১০,২৩৮
১৬. তেলেঙ্গানা	৬,২২,৫৯৩	৩,৬৫১	৬,০৫,৪৫৫
১৭. পাঞ্জাব	৫,৯৫,৩৫১	১৬,০৩৩	৫,৭৫,৯৭১
১৮. অসম	৫,০৬,০০৫	৪,৫০৯	৪,৭৪,৪৫৭
১৯. ঝাড়খণ্ড	৩,৪৫,৫২৫	৫,১১৩	৩,৩৯,৪৬৩
২০. উত্তরাখণ্ড	৩,৩৯,৯৩৩	৭,০৯৫	৩,৩০,৫৯৩

এরপর ৯ পাতায়

Dates of Upcoming Examinations

Examination Name	Date	Website
BANK EXAM		
IBPS Clerk-XI (Preli Exam) 2021	28-29.08.2021 04-05.09.2021	www.ibps.in
IBPS Clerk-XI (Mains Exam) 2021	31.10.2021	
IBPS PO / MT (Preli Exam) 2021	9,10,16,17.10.2021	
IBPS PO / MT (Mains Exam) 2021	27.11.2021	
RRB Office Asst., Officer Scale-I (X) Preli Exam	1,7,8,14,21.08.2021	
RRB Office Asst. (X) Mains Exam	03.10.2021	
RRB Officer Scale-I, II Mains Exam	25.09.2021	
UPSC (Union Public Service Commission)		
Indian Forest Service (Preli) Exam-2021	27.06.2021	www.upsc.gov.in
Indian Forest Service (Mains) Exam-2021	21.11.2021	
Civil Services (Preli) Exam-2021	27.06.2021	
Civil Services (Mains) Exam-2021	17.09.2021	
CDS Exam-II 2021	14.11.2021	
NDA & NA Exam-II 2021	05.09.2021	
CAPF (ACs) Exam 2021	08.08.2021	
Engineering Service Preli Exam 2021	18.07.2021	
IES / ISS Exam 2021	16.07.2021	
Staff Selection Commission		
MTS Tier-I Exam 2021	01-20.07.2021	www.ssc.nic.in
MTS Tier-II Exam 2021	21.11.2021	
SSC GD Constable, 2020	02-25.08.2021	
Delhi Police SI (Paper-II) 2020	12.07.2021	
West Bengal & All India Various Exams' Date		
WBCS Preliminary 2021 Exam	22.08.2021	www.wbpsc.gov.in
WBCS 2020 Mains Exam	27-29, 31.08.2021	
PSC ICDS Supervisor (Mains)	12-13.12.2021	
PSC Audit & Accounts Service 2020 Preli	13.06.2021 (Postponed)	

West Bengal and All India Various Exams' Result	
IBPS Clerk-X Main Exam Result	www.ibps.in
IBPS PO / MT-IX Provisional Allotment under Reserve List	
IBPS Clerk-IX Provisional Allotment under Reserve List	
IBPS PO / MT-X Mains Result	
IBPS Clerk-X Mains Result	
IBPS RRB-IX (Office Assistant) Mains Result	
WB Police Constable (Male) Final Exam Result	www.wbpolice.gov.in
WB Police Excise Constable Prelims Result, 2019	
WB Police SI 2019 Prelims Result	
WB Police SI & ISI Final Result	

The results of the following examinations have been published. For more details browse the respective websites.

Examination	Website
UPSC (Union Public Service Commission)	
UPSC CDS-II 2020 Result	www.upsc.gov.in
Joint Asst. Director (Advt. 13/2019) Result	
Deputy Central Intelligence Officer (Advt. 18 / 2019) Result	
Asst. Legal Advisor (Advt. 10 / 2019) Result	
Company Prosecutor (Advt. 06 / 2019) Result	
CAPF (ACS) Exam 2018 Reserve List	
CDS (1) 2020 Result	
IES Exam 2019 Final Result	
Engineering Services 2020 (Prelims)	
Civil Services Exam 2019 (Mains)	
Staff Selection Commission	
SSC SI & ASI 2018 Final Result	www.ssc.nic.in
SSC CGL 2019 Tier-I Result	
SSC CGL 2018 Final Result	
SSC Stenographer Grade-C&D 2018 Revised Final Result	
SSC CPO Paper-I Aditional Result	
CHSL Exam 2018 (Tier-II) Result	
Junior Hindi Translator & other 2018 Final Result	
Selection Posts (Phase-VII) CBT Result	
SI in Delhi Police & ASI in CISF Exam 2019 Result	
West Bengal and All India Various Exams' Result	
WB Municipal Service Commission, Field Worker MHW Advt. No. 09, 20 / 2020	www.mscwb.org
WB Municipal Service Commission, Food Safety Officer Advt. No. 13,19/2020	
WB Municipal Service Commission, Sub-Assistant Engineer Advt. No. 08/2020	
Calcutta High Court District Judge Preli Result	calcuttahighcourt.gov.in
IBPS PO/MT-X Mains Result	www.ibps.in
IBPS Clerk-X Preli Result	
WBSEDCL Assistant Engineer Final Result, 2019	www.wbsedcl.in
SBI Clerk Preli Result,2020	www.sbi.co.in
West Bengal Co-Operative Service Commission Result	www.webcsc.org
WBPSC Audit & Accounts Service Exam 2019 Preliminary	www.wbpsc.gov.in
WBPSC Misc. Services Preliminary 2019 Results	
WBPSC Food & Supply Sub-Inspector Result	
FCI Manager Phase-II Result	www.fci.gov.in
WBCS 2020 Preliminary Result	www.wbpsc.gov.in
PSC Miscellaneous Services Exam 2018 Mains Result	www.wbpsc.gov.in
PSC Industrial Development Officer Prelims Result	
RBI Officer Grade-B Phase-I Result	www.rbi.org.in

সম্প্রতি প্রকাশিত পরীক্ষার ফলাফল এবং আসন্ন পরীক্ষার তারিখ তালিকার আকারে উপরে দেওয়া হয়েছে। সাম্প্রতিক লকডাউন পরিস্থিতিতে অনেক পরীক্ষার তারিখ পিছোতে পারে, নতুন তারিখ জানানো হলে আমরা তা পত্রিকায় জানিয়ে দেব। পরীক্ষায় প্রার্থীর নিজের ফলাফল জানতে বা আসন্ন পরীক্ষায় কীভাবে প্রস্তুতি নিলে চূড়ান্ত সফল হবেন, সে বিষয়ে যদি সহায়তা চান, তাহলে 'জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এগজামস' (GSCE)-এর নিকটবর্তী কেন্দ্রে যোগাযোগ করুন।

@bettersolution4u

কারেন্ট অ্যাফেয়ার্স

দেশ ও বিদেশের উল্লেখযোগ্য খবর

প্রতিরক্ষা

ভারতের তৈরি প্রথম এয়ারক্র্যাফট ২০২২ সালে আসছে

কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী **রাজনাথ সিং** ঘোষণা করলেন যে, সম্পূর্ণ ভারতীয় প্রযুক্তিতে তৈরি প্রথম এয়ারক্র্যাফট **'আইএনএস বিক্রান্ত'** ভারতীয় নৌবাহিনীর পূর্ব কমান্ডে কমিশন হতে চলেছে ২০২২-এর মাঝামাঝি সময়ে। আপাতত কোচি শিপইয়ার্ড লিমিটেডে এটি তৈরি হচ্ছে। প্রায় ২৪০০ কোটি টাকা অর্থ বাজেট বরাদ্দ হয়েছে এই এয়ারক্র্যাফট তৈরিতে। বর্তমানে ভারতের কাছে একটি মাত্র এয়ারক্র্যাফট মজুত আছে, **'আইএনএস বিক্রমাদিত্য'**, এটি রাশিয়ার তৈরি।

রাজ্যের খবর

বাংলায় এবার 'স্টুডেন্ট ক্রেডিট কার্ড'

সম্প্রতি পশ্চিমবঙ্গ সরকার **'ওয়েস্ট বেঙ্গল স্টুডেন্ট ক্রেডিট কার্ড'** প্রকল্পের ঘোষণা করল। ২৪ জুন রাজ্য ক্যাবিনেটে অনুমোদন পেয়েছে এই প্রকল্প। ৩০ জুন থেকে অনলাইনে লঞ্চ হয়েছে এই শিক্ষাভিত্তিক স্কিম। এই ক্রেডিট কার্ড ব্যবহার করে **কার্ড হোল্ডাররা উচ্চশিক্ষার জন্য একটি নির্দিষ্ট অঙ্কের (১০ লক্ষ টাকা পর্যন্ত) ঋণ** নিতে পারবেন। চাকরি পাওয়ার এক বছর পর থেকে ১৫ বছরের মধ্যে সেই টাকা শোধ করে দিতে হবে। স্টুডেন্ট ক্রেডিট কার্ডের জন্য যে যে নির্ণায়ক বিষয়গুলি আবশ্যকীয় তা হল– ১) যিনি স্টুডেন্ট ক্রেডিট কার্ডের জন্য আবেদন জানাবেন তাদেরকে প্রমাণ দর্শাতে হবে যে, তারা আন্ডার গ্র্যাজুয়েট, পোস্ট গ্র্যাজুয়েট, ডক্টোরাল বা পোস্ট ডক্টোরাল পোস্টের জন্য দেশের মধ্যে বা বিদেশের কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে যেতে চান। ২) যে সমস্ত ছাত্রছাত্রীরা এই ক্রেডিট কার্ড পাবেন তাদের পশ্চিমবঙ্গে বিগত ১০ বছর বা বেশি সময় ধরে বসবাস করে থাকতে হবে। ৩) ক্রেডিট কার্ডের জন্য আবেদন জানানোর সর্বোচ্চ বয়সসীমা ৪০ বছর। ৪) এই কার্ডের মধ্যে দিয়েই স্টুডেন্ট লোনের গ্যারান্টি দিচ্ছে পশ্চিমবঙ্গ সরকার। ৫) তবে ক্রেডিট কার্ডের মাধ্যম স্টুডেন্ট লোন পেতে হলে পড়ুয়াদের 'CIBIL' স্কোর অত্যন্ত ভালো হতে হবে।

১৫ জুলাই পর্যন্ত জারি থাকবে বিধিনিষেধ

১৫ জুলাই পর্যন্ত রাজ্যে করোনা বিধিনিষেধ বাড়ানোর সিদ্ধান্ত জানিয়ে দিলেন মুখ্যমন্ত্রী **মমতা বন্দ্যোপাধ্যায়**। ৫০ শতাংশ যাত্রী নিয়ে চলবে সরকারি-বেসরকারি বাস। সকাল ১১টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত খোলা থাকবে

সেলুন ও পার্লার। বাদবাকি দোকানপাট রাত্রি ৮টা পর্যন্ত খোলা থাকবে। সকাল ৬টা থেকে বেলা ১২টা পর্যন্ত খোলা থাকবে ফল, সবজি ও মাছের বাজার। তবে লোকাল ট্রেন ও মেট্রো চালানোয় এখনও পর্যন্ত কোনো ছাড়ের কথা বলেননি মুখ্যমন্ত্রী। পরিস্থিতি আর কিছুটা নিয়ন্ত্রণে এলে লোকাল ট্রেন ও মেট্রোর চলাচল চালু করা হবে বলে তিনি আশ্বাস দেন। ১৫ জুলাই পর্যন্ত রাজ্যে কোনোপ্রকার স্কুল-কলেজ শিক্ষা প্রতিষ্ঠান খোলা হবে না। রাত ৯টা থেকে ভোর ৫টা পর্যন্ত জরুরি প্রয়োজন ছাড়া বাইরে বেরোনোয় নিষেধাজ্ঞা জারি করা হল।

জাতীয় খবর

সাফল্যের পথে পিএমএমএসওয়াই-এর উদ্যোগে মৎস উৎপাদন

মৎস্য উৎপাদন বৃদ্ধি করতে **পিএমএমএসওয়াই-এর উদ্যোগে ২০,০৫০ কোটি টাকার মৎস্য প্রকল্প চালু** করল কেন্দ্রীয় সরকার। এই প্রকল্পের উদ্দেশ্য হল দেশের মৎস উৎপাদন বৃদ্ধি ও উন্নতি করা। বিজ্ঞানীদের মতে মাছে থাকে ভিটামিন ডি-২, ভিটামিন ডি, অ্যামাইনো অ্যাসিডের মতো উপাদান, যা

আমাদের শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়িয়ে তুলতে সাহায্য করে। করোনা সংক্রমণের হাত থেকে বাঁচতে মৎস্য উৎপাদন বৃদ্ধিতে সরকারের এই বিশেষ উদ্যোগকে স্বাগত জানিয়েছে চিকিৎসক মহল।

টেটের সার্টিফিকেট আজীবন বৈধ

শিক্ষক নিয়োগের পরীক্ষা **'টিচার্স এলিজিবিলিটি টেস্ট' (টেট) পাশ করলে সেই সার্টিফিকেট আজীবন বৈধ** থাকবে বলে জুন মাসের শুরুতেই জানিয়েছিলেন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী **রমেশ পোখরিয়াল নিশাঙ্ক**। সেই নিয়ম মেনে 'সেন্ট্রাল টিচার্স এলিজিবিলিটি টেস্ট' (সিটেট)-এরও পরিবর্তিত কোনো তালিকা বা বৈধ সার্টিফিকেট প্রকাশ করা হবে না জানিয়ে দিল সিবিএসসি বোর্ড। উল্লেখ্য, সিবিএসসি স্কুলগুলি প্রথম শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষক নিয়োগের জন্য সিটেট পরীক্ষা গ্রহণ করা হয় সংশ্লিষ্ট বোর্ডের তরফ থেকে।

'লাইডার সার্ভে' ১০টি রাজ্যে

কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী **প্রকাশ জাভড়েকর** সম্প্রতি **'লাইট ডিটেকশন অ্যান্ড রেঞ্জিং' (লাইডার)** সার্ভে রিপোর্ট প্রকাশ করলেন। দেশের ১০টি রাজ্যের বনাঞ্চলের উপর এই সার্ভে করা হয়েছে। ভারতে প্রথমবার 'লাইডার টেকনোলজি' ব্যবহার করে এই ধরনের সমীক্ষা করা হল। সার্ভের অন্তর্ভুক্ত ১০টি রাজ্য হল– আসাম, বিহার, ছত্তিশগড়, গোয়া, ঝাড়খণ্ড, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, মণিপুর, নাগাল্যান্ড ও ত্রিপুরা। বনাঞ্চলের উপর করা এই ধরনের সার্ভেতে এই প্রথমবার কেন্দ্রীয় সরকারের অর্থ ব্যয় করা হল। 'লাইডার সার্ভে'-এর উদ্দেশ্য ছিল, মানুষ-বন্য পশুর মধ্যে 'সংঘাত দূর করে জলসম্পদ বাড়ানো এবং বনাঞ্চল সংরক্ষণ করা। কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের অধীনস্থ 'ওয়াপকস লিমিটেড' দ্বারা এই সার্ভেটি করা হয়েছে। খরচ হয়েছে মোট ১৮.৩৮ কোটি টাকা। বাকি রাজ্যগুলির সমীক্ষা রিপোর্টও শীঘ্রই প্রকাশ করা হবে।

আন্তর্জাতিক খবর

মস্কো কনফারেন্সে উপস্থিত থাকলেন ডিফেন্স সেক্রেটারি অজয় কুমার

২২-২৪ জুন অনুষ্ঠিত হল নবমতম **'মস্কো কনফারেন্স অন ইন্টারন্যাশনাল সিকিউরিটি'** উপস্থাপনা করল রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রক। প্রায় ৬০০ জন বিভিন্ন দেশের প্রতিরক্ষা সম্বন্ধীয় ব্যক্তিবর্গ এই কনফারেন্সে উপস্থিত ছিলেন, ভারতের হয়ে প্রতিনিধিত্ব করেন ডিফেন্স সেক্রেটারি **অজয় কুমার**। তিনি

ব্যতিক্রমী একটি বিষয়বস্তুর উপর বক্তব্য পেশ করেন যা হল 'অতিমারীর বিরুদ্ধে লড়তে মিলিটারি বাহিনীর ভূমিকা'। অনুষ্ঠানের প্রধান ছিলেন রাশিয়ান প্রেসিডেন্ট **ভ্লাদিমির পুতিন**।

ভারতের দ্বিতীয় বৃহত্তম এক্সপোর্ট পার্টনার চিন

কেন্দ্রীয় সরকারের প্রকাশিত বিবৃতি অনুযায়ী, ২০২১ অর্থবর্ষে সংযুক্ত আরব আমিরশাহীকে সরিয়ে দেশের দ্বিতীয় বৃহত্তম **'এক্সপোর্ট ডেস্টিনেশন হল চিন'**। শীর্ষস্থান ধরে রাখল **মার্কিন যুক্তরাষ্ট্র**। ভারতীয় রপ্তানিতে চিনের শেয়ার দাঁড়িয়েছে ৭.২৯%। গতবছর যা ছিল ৫.৩%। চতুর্থ ও পঞ্চম স্থানে আছে যথাক্রমে হংকং (১০.২ বিলিয়ন মার্কিন ডলার) এবং বাংলাদেশ (৯.১ বিলিয়ন মার্কিন ডলার)। তৃতীয় স্থানে থাকল আরব (১৬.৭ বিলিয়ন মার্কিন ডলার)।

GSCE Publications

থেকে প্রকাশিত বাংলা ও ইংরেজি মাসিক পত্রিকা

WBCS, PSC, SSC, স্কুল সার্ভিস, রেল, ব্যাঙ্ক ইত্যাদি রাজ্য ও কেন্দ্রীয় সরকারি চাকরির পরীক্ষায় সঠিক ও পরিকল্পনামাফিক প্রস্তুতির জন্য প্রতিটি চাকরিপ্রার্থীর কাছে অপরিহার্য ও নির্ভরযোগ্য এবং পাঠককুলের বিচারে বাংলার সেরা ও সর্বাধিক বিক্রিত বাংলা মাসিক পত্রিকা **'অ্যাচিভার্স'** এবং ইংরেজি মাসিক পত্রিকা **'ACHiEVERS In Focus'** প্রতি মাসের প্রথম সপ্তাহে প্রকাশিত হয়।

George Telegraph • Since 1920

বিশ্বের দীর্ঘতম হাইড্রো পাওয়ার স্টেশন লঞ্চ করল চিন

সম্প্রতি চিন বিশ্বের দীর্ঘতম হাইড্রো পাওয়ার স্টেশন যার নাম 'বাইহেতান'-এর দুটি ইউনিট লঞ্চ করল। এই ইউনিট দুটি আপাতত নির্মাণকার্য চলছে। জিংশা নদীর তীরে এই ইউনিট দুটি তৈরি করা হয়েছে। ইউনিট দুটির উপরের সেকশন অবস্থিত ইয়াংসি নদীর তীরে এবং নীচের দিক অবস্থিত উন্নান ও সিচুয়ান প্রদেশের দিকে দক্ষিণ-পশ্চিম মুখো হয়ে। ১ জুলাই ২০২১ তারিখে চিনের শাসক সরকার কমিউনিস্ট পার্টির শতবর্ষ পূর্ণ হবে। এরই শতবার্ষিকী অনুষ্ঠান উদযাপনের সঙ্গে সঙ্গে এই ইউনিট দুটি লঞ্চিং এর জন্য উৎসব পালন হবে। এই ইউনিট দুটি ১৬টি হাইড্রো জেনারেটিং যন্ত্র দ্বারা গঠিত। প্রতিটির কার্যক্ষমতা ১ মিলিয়ন কিলোওয়াট। তাই, এই হাইড্রো পাওয়ার স্টেশনের ইউনিটগুলিকে 'বিশ্বের মধ্যে দীর্ঘতম সিঙ্গল ইউনিট ক্যাপাসিটি'র তকমা দেওয়া হয়েছে।

পুরস্কার ও সম্মান

আগের দশকের বিশ্বসেরা জনহিতৈষী হলেন জামশেদজী টাটা

১৯০১ - ১৯৯৯ শতকের সবথেকে বড় মানবহিতৈষী বা জনকল্যাণ কাজে সর্বোচ্চ দাতা হিসাবে ভারতের বৃহত্তম ব্যবসায়িক প্রতিষ্ঠান টাটা গ্রুপের প্রতিষ্ঠাতা জামশেদজী টাটাকে সম্মান প্রদান করা হল। তিনি প্রায় ১০২.৪ বিলিয়ন মার্কিন ডলার অর্থমূল্য খরচ করেছেন। সমীক্ষাটি করা হয়েছে 'হুরুন রিপোর্ট অ্যান্ড ইডেলগিভ ফাউন্ডেশনের' পক্ষ থেকে। তালিকায় বিশ্বের সেরা ৫০ জন মানবকল্যাণকারী ব্যক্তিদের নাম উল্লেখ করা হয়েছে। ৫০ জনের মধ্যে শীর্ষস্থানে জামশেদজী টাটার নাম দৃষ্টান্তস্বরূপভাবে ভারতের মুখ উজ্জ্বল করেছে। বাকি ভারতীয় হলেন– আজিম প্রেমজী, উইপ্রোর প্রাক্তন চেয়ারম্যান। তিনি আছেন দ্বাদশ স্থানে। দ্বিতীয় স্থানে আছেন বিল গেটস ও মেলিন্ডা ফ্রেঞ্চ গেটস (দান করেছেন ৭৪.৬ বিলিয়ন মার্কিন ডলার)। তৃতীয় স্থান পেয়েছেন হেনরি ওয়েলকাম (৫৬.৭ বিলিয়ন মার্কিন ডলার) এবং চতুর্থ স্থানে আছেন হাওয়ার্ড হিউজেস (৩৮.৬ বিলিয়ন মার্কিন ডলার)।

জাপানের ফুকুওকা গ্র্যান্ড প্রাইজ পেলেন ভারতীয় সাংবাদিক

'পিপলস আর্কাইভ অফ রুরাল ইন্ডিয়া' (পরি) এর প্রতিষ্ঠাতা তথা স্বনামধন্য ভারতীয় সাংবাদিক পি সাইনাথকে জাপানের 'ফুকুওকা গ্র্যান্ড প্রাইজ ২০২১' সম্মানে ভূষিত করা হল। এই পুরস্কার সাধারণত ৩টি ক্যাটেগরিতে প্রার্থীদের দেওয়া হয় যথা– অ্যাকাডেমিক প্রাইজ, কালচার প্রাইজ এবং গ্র্যান্ড প্রাইজ। জাপানের প্রখ্যাত অধ্যাপক কিশিমোতোমিও পেলেন 'অ্যাকাডেমিক প্রাইজ' এবং 'কালচার প্রাইজ' সম্মানে ভূষিত হলেন থাইল্যান্ডের চিত্র পরিচালক প্রাবদা ইুয়ন। ২০১৬ সালে প্রথম ভারতীয় হিসেবে এই পুরস্কারসম্মান পেয়েছিলেন সুরকার তথা সঙ্গীতপরিচালক এ আর রহমান। মোট ১১ জন ভারতীয় এখনও পর্যন্ত জাপানের এই অন্যতম সেরা সম্মানে ভূষিত হয়েছেন। ১৯৯০ সাল থেকে এই পুরস্কার প্রদান করা হচ্ছে। পুরস্কারে অর্থমূল্য হিসেবে অ্যাকাডেমিক বিভাগে ৩ মিলিয়ন ইয়েন, কালচার বিভাগে ৩ মিলিয়ন ইয়েন এবং গ্র্যান্ড বিভাগে ৫ মিলিয়ন ইয়েন দেওয়া হয়ে থাকে।

বিজ্ঞান ও প্রযুক্তি

অগ্নি প্রাইম মিশাইলের সফল উৎক্ষেপণ করল ডিআরডিও

ওড়িশার বালাশোরে অবস্থিত ডঃ এপিজে আব্দুল কালাম আইসল্যান্ড থেকে সারফেস টু সারফেস মিশাইল 'অগ্নি প্রাইম' নামক নিউক্লিয়ার মিশাইলটি

সফলভাবে উৎক্ষেপণ করতে সমর্থ হল ডিআরডিও। এই মিশাইলটি ১০০০-২০০০ কিমি রেঞ্জে আঘাত হানতে পারে। অগ্নি শ্রেণির মিশাইলের মধ্যে এই মিশাইলটি হল নবতম সংযোজন। এই ধরনের মিশাইলকে বলা হয় 'ইন্টার কন্টিনেন্টাল রেঞ্জ ব্যালিস্টিক মিশাইল'।

২০ হাজার বছর আগেও ছিল করোনা ভাইরাস

অস্ট্রেলিয়া ও ওয়াশিংটনের একদল বিজ্ঞানী দ্বারা প্রকাশিত সম্প্রতি এক গবেষণাপত্রে 'কারেন্ট বায়োলজি' শীর্ষক প্রতিবেদনে বলা হয়েছে বর্তমানে দক্ষিণ-পূর্ব এশিয়ার অঞ্চলে প্রায় ২০ হাজার বছর আগে করোনা ভাইরাসের সঙ্গে লড়তে হয়েছিল সেখানকার মানুষদের। বিশ্বের ২৬টি জনগোষ্ঠীর ২৫০০ মানুষের জিনগত বৈশিষ্ট পরীক্ষা করে এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন বিজ্ঞানীরা। জিনের গঠন বিশ্লেষণ করে চিন, জাপান ও ভিয়েতনামের ৫টি জনজাতির জিনে করোনা ভাইরাসের সঙ্গে লড়াই করার প্রমাণ পাওয়া গেছে। তবে বাকি দেশগুলিতে এই ভাইরাস সংক্রামিত হয়েছিল কিনা তা এখনও গবেষণার অধীনে রয়েছে বলে বিজ্ঞানীরা জানিয়েছেন।

ডিআরডিও-র দুটি রকেটের সফল উৎক্ষেপণ

'ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন' (ডিআরডিও) সফলভাবে উৎক্ষেপণ করতে সমর্থ হল দুটি রকেট যথা– পিনাকা রকেট এবং ১২২ মিমি ক্যালিবার রকেট। পিনাকা হল এক্সটেন্ডেড রেঞ্জ ভার্সান এবং ১২২ মিমি ক্যালিবার হল এনহান্সড রেঞ্জ ভার্সান রকেট। সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে তৈরি দুটি রকেটকে ওড়িশার চন্ডীপুরে অবস্থিত ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জ থেকে উৎক্ষেপণ করা হয়। দুটি রকেটকে তৈরি করেছে পুণেতে অবস্থিত 'আর্মামেন্ট রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট এস্টাব্লিশমেন্ট' এবং 'হাই এনার্জি মেটিরিয়ালস রিসার্চ ল্যাবরেটরি'। পিনাকার মাধ্যমে সর্বোচ্চ ৪৫ কিমি দীর্ঘ দূরত্বে শত্রুপক্ষের নিশানাকে ধ্বংস করা যাবে। ১২২ মিমি ক্যালিবার রকেটের মাধ্যমে সর্বোচ্চ ৪০ কিমি দূরত্বে শত্রুপক্ষের আক্রমণকে পরাস্ত করা যাবে।

জাতীয় নিয়োগ

সুরেশ এন প্যাটেল : ভিজিল্যান্স কমিশনার সুরেশ এন প্যাটেলকে ভারপ্রাপ্ত সেন্ট্রাল ভিজিল্যান্স কমিশনারের পদে দায়িত্ব প্রদান করা হল। নতুন সেন্ট্রাল ভিজিল্যান্স কমিশনার নিয়োগ না হওয়া পর্যন্ত তিনি এই পদের দায়িত্ব পালন করবেন। তিনি সঞ্জয় কোঠারির স্থলাভিষিক্ত হলেন। বর্তমানে ভিজিল্যান্স কমিশনারের দায়িত্ব সামলানোর আগে তিনি ২০১৫ সাল নাগাদ অন্ধ্র ব্যাঙ্কের চিফ এক্সিকিউটিভ অফিসার এবং ম্যানেজিং ডিরেক্টরের দায়িত্বভার সামলেছেন। এছাড়া তিনি নাবার্ডের ম্যানেজমেন্ট কমিটির অন্যতম সদস্য ছিলেন।

খেলাধুলা

দেশের হয়ে সবচেয়ে বেশি ম্যাচ খেললেন মেসি

বলিভিয়ার বিরুদ্ধে খেলার পর দেশের হয়ে সবচেয়ে বেশি ম্যাচ খেলার রেকর্ড করলেন লিয়োনেল মেসি। আর্জেন্টিনার জেভিয়ার মাসচেরানোকে টপকে গেলেন তিনি। মেসি দেশের হয়ে মোট ম্যাচ খেললেন ১৪৮টি এবং তাঁর গোল সংখ্যা ৭৫টি। দেশের জার্সিতে সবচেয়ে বেশি গোল করার মুকুটও তাঁর মাথায়। ২০০৫ সালে প্রথম হাঙ্গেরির বিরুদ্ধে দেশের হয়ে মাঠে নামেন তিনি। যদিও মাঠে নামার এক মিনিটের মধ্যে লাল কার্ড দেখে তাঁকে মাঠ ছাড়তে হয়।

কোপায় বলিভিয়ার বিরুদ্ধে বড় জয় মেসিদের

বলিভিয়াকে ৪-১ গোলে হারিয়ে গ্রুপের শীর্ষস্থান পাকা করল আর্জেন্টিনা। ম্যাচের ৬ মিনিটে প্রথম গোল করেন আর্জেন্টিনার গোমেজ। ৩৩ ও ৪২ মিনিটে পরপর দুটি গোল করেন মেসি। ম্যাচের দ্বিতীয়ার্ধে একটি গোল করে বলিভিয়া। কিন্তু আবার ৬৫ মিনিটে আর্জেন্টিয়ার হয়ে গোল করেন মার্টিনেজ। অনেকদিন পর বেশ বড় জয়ের মুখ দেখল আর্জেন্টিনা।

উইম্বলডনের প্রথম ম্যাচে জয় জকোভিচের

প্রতিপক্ষ ইংল্যান্ডের ১৯ বছর বয়সী জ্যাক ড্রেপারেরকে হারিয়ে উইম্বলডনের প্রথম ম্যাচে জয় পেলেন নোভাক জকোভিচ। জকোভিচের পক্ষে খেলার ফল দাঁড়ায় ৪-৬, ৬-১, ৬-২ ও ৬-২। প্রথম রাউন্ডের ম্যাচ খেলতে নেমে জকোভিচ ও তাঁর প্রতিপক্ষ দুজনেই বেশ কয়েকবার শরীরের ভারসাম্য হারিয়ে ফেলে পা পিছলে কোর্টের মধ্যে পড়ে যান।

ক্রোয়েশিয়াকে হারিয়ে ইউরোর শেষ আটে স্পেন

৫-৩ গোলে ক্রোয়েশিয়াকে হারিয়ে ইউরোর শেষ আটে পৌঁছে গেল স্পেন। ম্যাচের প্রথম থেকেই এগিয়েছিল ক্রোয়েশিয়া। যদিও তার পর

স্পেনের জোড়া গোলে পিছিয়ে যায় তারা। ৮৫ মিনিটে ওসিচের গোলে ব্যবধান কমিয়ে ফেলে মদ্রিচরা। অতিরিক্ত সময়ে ৯২ মিনিটে ফের গোল করে সমতা ফিরিয়ে আনে ক্রোয়েশিয়া। তবুও শেষ রক্ষা হল না। মোরাটা ও ওলাজার গোলে জয় নিশ্চিত করে স্পেন।

ইউরোতে অঘটন, শেষ আটে সুইজারল্যান্ড

বিশ্ব চ্যাম্পিয়ন ফ্রান্সকে টাইব্রেকারে হারিয়ে কোয়ার্টার ফাইনালে পৌঁছে গেল সুইজারল্যান্ড। নির্ধারিত সময়ে খেলার ফল দাঁড়ায় ৩-৩। ম্যাচের ১৫ মিনিটে গোল করে সুইজারল্যান্ড। দ্বিতীয়ার্ধে বেনজামার জোড়া গোল ও পোগবার গোলে এগিয়ে যায় ফ্রান্স। কিন্তু ম্যাচের ৮১ ও ৯০ মিনিটে দুটি গোল দিয়ে খেলায় ফেরে সুইজারল্যান্ড। শেষে টাইব্রেকারে এমবাপের শট

প্রকাশিত
১ জানুয়ারি — ৩১ ডিসেম্বর, ২০২০
ঘটে যাওয়া সমস্ত ঘটনাবলী সমৃদ্ধ
অ্যাচিভার্স ইয়ার বুক – ২০২১



এই বইটিতে আছে সারা বছরের অ্যাপ ও পোর্টাল, জাতীয় ও আন্তর্জাতিক নিয়োগ, খেলাধুলার খবর, অধিবেশন, পুরস্কার, বিজ্ঞান ও প্রযুক্তি, প্রকল্প, কমিটি, ব্যবসা-বাণিজ্য, মউ/চুক্তি, Who's Who, স্টাডি ও রিপোর্ট, ব্যাঙ্ক, অর্থনীতির খবর, আত্মনির্ভর ভারত অভিযান, জাতীয় শিক্ষানীতি, শ্রীরাম মন্দিরের ভূমি পুজো, নতুন কৃষি আইন ও করোনার ইতিবৃত্ত-সহ A to Z কারেন্ট অ্যাফেয়ার্স।

পশ্চিমবঙ্গের সর্বত্র পাওয়া যাচ্ছে। মূল্য– ১২০ টাকা।

প্রকাশিত
ডব্লিউবিসিএস পরীক্ষায় একচ্ছত্র সফল হতে
অ্যাচিভার্স স্পেশাল সংখ্যা
WBCS গাইড বুক



পশ্চিমবঙ্গের সর্বত্র পাওয়া যাচ্ছে। মূল্য– ৪০০ টাকা

প্রিলি ও মেন পরীক্ষার জন্য ১০৪০ পৃষ্ঠার এই বইটির বিশেষত্ব-
❖ বিষয়ভিত্তিক পুঙ্খানুপুঙ্খ আলোচনা ও কমনযোগ্য প্রশ্নোত্তর– ইংরেজি, ভারতের ইতিহাস, ভারতের স্বাধীনতা সংগ্রাম, পশ্চিমবঙ্গ-সহ ভারতের ভূগোল, ভারতীয় সংবিধান ও অর্থনীতি, বিজ্ঞান, মানসিক দক্ষতা, সাধারণ জ্ঞান ও কারেন্ট অ্যাফেয়ার্স।
❖ বিগত ১১ বছরের প্রশ্নোত্তর
✆ ৯৮৭৪২৭৩০০০

বিঃদ্রঃ- বইগুলি আপনার নিকটবর্তী বুকস্টলে না পেলে যে কোনো জিএসসিই সেন্টার থেকে সংগ্রহ করুন।

বাঁচিয়ে দেয় সুইজারল্যান্ড। টাইব্রেকারে খেলার ফল দাঁড়ায় ফ্রান্স ৪ ও সুইজারল্যান্ড ৫।

তীরন্দাজিতে সোনা আনলেন তিন ভারতীয় কন্যা

ফের তীরন্দাজিতে সেনা জয় করল ভারত। অভিষেক বর্মার পর এবার তীরন্দাজি বিশ্বকাপে তৃতীয় পর্যায়ের ইভেন্টে ২৭ জুন দেশের তিন কন্যার

দাপটে হারল মেক্সিকো। এই তিন কন্যা হলেন দীপিকা কুমারী, কমলিকা বারি ও অঙ্কিতা ভকত। ৫-১ ব্যবধানে মেক্সিকো হারায় তারা। উল্লেখ্য প্যারিসে অনুষ্ঠিত এই টুর্নামেন্টটির সঙ্গে অলিম্পিকের যোগ্যতা অর্জন পর্বের কোনো যোগাযোগ নেই।

সরাসরি অলিম্পিকে ভারতীয় সাঁতারু

রেকর্ড গড়লেন ভারতীয় সাঁতারু সজন প্রকাশ। মাত্র ০.১ সেকেন্ডের ব্যবধানে প্রথম ভারতীয় হিসেবে সরাসরি টোকিও অলিম্পিকের টিকিট পাকা করে

ফেললেন তিনি। রোমের সেট্রেকোল্লি ট্রফিতে ২০০ মিটারের বাটারফ্লাই বিভাগে ১ মিনিটে ৫৬.৩৮ সেকেন্ডে এই সাফল্য পেলেন সজন। ভারতীয় সাঁতার ফেডারেশনের তরফ থেকে টুইট করে বলা হয়েছে, ভারতীয় সাঁতারের ক্ষেত্রে দিনটি ঐতিহাসিক। প্রথমবার কোনো ভারতীয় সাঁতারু সরাসরি অলিম্পিকে খেলার ছাড়পত্র পেলেন।

আরব আমীরশাহিতেই হবে টি-২০ বিশ্বকাপ

